

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০৮৪.২০০৪(৮ম খন্ড)-২২৩

তারিখঃ ০৩.১০.২০১৮খ্রিঃ

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পটুয়াখালী জেলার ৩১ শয্যা বিশিষ্ট দুমকী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩১(একত্রিশ)টি পদের চাকুরী রাজস্বখাতে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণে বিশেষ বিধিমালা(এসআরও) প্রণয়ন সংক্রান্ত।


সূত্র: পত্র নং- ১. সিএস/পটুয়া/প্রশা:/২০১৮/৩১৪৭, তারিখ : ১২.০৯.২০১৮খ্রিঃ

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.১৭.২২.০১৪.১৬-৯০, তারিখ:-১৯.০৩.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পটুয়াখালী জেলার ৩১ শয্যা বিশিষ্ট দুমকী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩১(একত্রিশ)টি পদের চাকুরী রাজস্বখাতে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণে বিশেষ বিধিমালা(এসআরও) প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সংশ্লিষ্ট কাগজপত্র/তথ্যাদি সত্যায়ন পূর্বক প্রস্তাবের ১০(দশ)সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

- ক) বিশেষ বিধিমালা (এসআরও) প্রণয়ন সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে সার-সংক্ষেপ;
- খ) খসড়া প্রজ্ঞাপনসহ তফসিল;
- গ) প্রকল্পের জনবলকে রাজস্বখাতে স্থানান্তরের পদভিত্তিক যৌক্তিকতা;
- ঘ) প্রস্তাবিত পদসমূহের কার্যাবলী;
- ঙ) কর্মরত জনবলের তালিকা;
- চ) প্রস্তাবিত জনবলের কে কবে নিয়োগপ্রাপ্ত হয়েছে এবং তারা সংশ্লিষ্ট প্রকল্পের পিপি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত হয়েছে কিনা, এ সংক্রান্ত তথ্য ;
- ছ) প্রস্তাবিত জনবল সাকুল্য বেতনে নিয়োগপ্রাপ্ত হয়েছে কিনা, তার বিবরণ;
- জ) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পত্রের অনুলিপি ;
- ঝ) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতি পত্রের অনুলিপি ;
- ঞ) অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের বেতন স্কেল যাচাই সংক্রান্ত পত্রের অনুলিপি ;
- ট) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত জি.ও'র কপি ;
- ঠ) পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ;
- ড) প্রকল্পের পিপি'র সংশ্লিষ্ট অংশ;
- ঢ) বিশেষ এস.আর.ও জারির বিষয়ে সরকারের নীতিগত সিদ্ধান্তের সম্মতির কপি;
- ণ) প্রস্তাবের সাথে Sutonny MJ Font-এ সার-সংক্ষেপ, তফসিলসহ খসড়া প্রজ্ঞাপন সম্বলিত সিডি ।

সংযুক্তি: প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি ১০ (দশ)সেট।


মোহাম্মদ মাসির উদ্দীন

উপসচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দ: আ:- উপ-সচিব, বিধি-১ অধিশাখা)

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

২। সিভিল সার্জন, পটুয়াখালী।

৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৪। যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।